

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, রাজশাহী।

<http://durgapur.rajshahi.gov.bd>

নং- ০৫.৪৩.৮১৩১.০০০.০৪.০০৬.১৮-৭৭(২৫০)

তারিখঃ ১৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারী ২০১৮খ্রি:

সরকারী জলাশয় ইজারার আবেদনপত্র আহবানের বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের ১৪ মার্চ, ২০১২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯.২২৩ নং স্মারক মূলে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ ও ২০০৯এর সংশোধনী প্রজ্ঞাপন অনুযায়ী রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন ২০(কুড়ি) একর পর্যন্ত বদ্ধ সরকারী জলমহাল/পুকুরসমূহ বাংলা ১৪২৫ হতে ১৪২৭ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নির্ধারিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি / সংগঠনের নিকট হতে সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, প্রথম পর্যায়ে যদি নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না যায়, সে ক্ষেত্রে দ্বিতীয় ও তৃতীয় এবং অন্যান্য পর্যায়ে সংশোধিত নীতিমালা ২০১২ অনুযায়ী সমাজভিত্তিক মৎস্য চাষ অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে ইজারা দেয়া হবে : (ক) বেকার যুবক (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা (ঙ) আনসার, ডিডিপি ও গ্রাম পুলিশ সদস্য (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত এরূপ সমিতি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না। প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদনপত্র ফরম অফিস চলাকালীন সময় (ছুটির দিন ব্যতীত) সোনালী ব্যাংক লিঃ, দুর্গাপুর শাখা, রাজশাহী হতে উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী বরাবর ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরত যোগ্য) এর বিনিময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুর্গাপুর, রাজশাহী এবং সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, রাজশাহী এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র সমূহ নিম্নোক্ত দিনক্ষণ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুর্গাপুর, রাজশাহীর রক্ষিত আবেদনপত্র বাস্তবে গ্রহণ করা হবে। আবেদনপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র সমূহ খোলা হবে। অন্যান্য তথ্যাদি জলাশয় সমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, রাজশাহী এর কার্যালয় হতে জানা যাবে এবং ইজারা বিজ্ঞপ্তি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নিজস্ব ওয়েব সাইট <http://durgapur.rajshahi.gov.bd> হতে ডাউন লোড করা যাবে।

উল্লেখ্য যে, তালিকায় প্রকাশিত কোন পুকুর নিয়ে কারো কোন আপত্তি বা দাবী দাওয়া থাকলে আগামী ০১/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর বরাবর আবেদন দাখিল করতে হবে এবং তালিকায় প্রকাশিত হয়নি এমন কোন পুকুরের তফসিল ছাড়া পড়ে থাকলে পরবর্তীতে তা সংযোজন পূর্বক এই বিজ্ঞপ্তি অনুযায়ী ইজারা দেয়া হবে।

*** এ ছাড়া আংশিক/সহ-অংশীদার(কোশেয়ারার) পুকুরের প্রজা/মালিকগণ ১৪২৫-১৪২৭ বাংলা সন মেয়াদে পুকুর ইজারা নিতে ইচ্ছুক হলে আগামী ৩০ এপ্রিল ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর বৈধ কাগজপত্রসহ আবেদন দাখিল করতে হবে। অন্যথায় উক্ত পুকুরগুলো বিধি মোতাবেক অন্যত্র ইজারা বা খাস কালেকশনের মাধ্যমে ইজারা দেয়া হবে।

আবেদনপত্র ফরম বিক্রয় ও দাখিলের সময় সূচী :

পর্যায়	আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ	আবেদনপত্র দাখিলের তারিখ	আবেদনপত্র দাখিলের সময়	আবেদনপত্র খোলার সময়	পর্যায়	আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ	আবেদনপত্র দাখিলের তারিখ	আবেদনপত্র দাখিলের সময়	আবেদনপত্র খোলার সময়
১ম	২০/২/১৮	২২/০২/১৮	১০:০০-১:০০টা	২:০০টা	৭ম	২৩/৫/১৮	২৪/৫/১৮	১০:০০-১:০০টা	২:০০টা
২য়	০৭/৩/১৮	০৮/০৩/১৮	-ঐ-	২:০০টা	৮ম	১০/৬/১৮	১২/৬/১৮	-ঐ-	২:০০টা
৩য়	২১/৩/১৮	২২/০৩/১৮	-ঐ-	২:০০টা	৯ম	২৬/৬/১৮	২৭/৬/১৮	-ঐ-	২:০০টা
৪র্থ	০৪/৪/১৮	০৫/০৪/১৮	-ঐ-	২:০০টা	১০ম	১১/৭/১৮	১২/৭/১৮	-ঐ-	২:০০টা
৫ম	১৮/৪/১৮	১৯/৪/১৮	-ঐ-	২:০০টা	১১তম	২৫/৭/১৮	২৬/৭/১৮	-ঐ-	২:০০টা
৬ষ্ঠ	০৮/৫/১৮	০৯/৫/১৮	-ঐ-	২:০০টা	১২তম	০৮/৮/১৮	০৯/৮/১৮	-ঐ-	২:০০টা


(সমর কুমার পাল)

উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
দুর্গাপুর, রাজশাহী

ফোন : ০৭২২৪-৫৬০০১

ই-মেইল : uncdurgapurrajshahi@mopa.gov.bd